

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
এফ-৪/এ, আগারগাঁও প্র/এ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.archaeology.gov.bd
darchaeologybd@yahoo.com

স্মারক : ৪৩.২৩.০০০০.১২৩.২২.০০১.১১-

২১৫৯
২৫৫৮ (১)

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : অধিদপ্তরের উত্তম চর্চাসমূহের (Best practice) তালিকা প্রেরণ।

অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ এর “প্রাতিষ্ঠানিক ব্যবস্থা-১.৪”র ১.৪ এ বর্ণিত উত্তম চর্চার (Best Practice) নিম্নরূপ তালিকা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- **স্কুল শিক্ষা কার্যক্রম:** অধিদপ্তরের স্কুল শিক্ষা কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের বিভিন্ন পুরাকীর্তি পরিদর্শনের ব্যবস্থা নেয়ায় নতুন প্রজন্মের মধ্যে পুরাকীর্তির প্রতি আগ্রহ সৃষ্টি হচ্ছে। এতে শিক্ষার্থীরা দেশের গৌরবময় ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে জানতে পারছে এবং তাঁরা ঐতিহ্য সচেতন নাগরিক হিসেবে গড়ে উঠছে। তা ছাড়া শিক্ষার্থীদের পাশাপাশি তাঁদের পরিবার কর্তৃক প্রত্নস্থল পরিদর্শনের মাধ্যমে রাজস্ব আয়ও বৃদ্ধি পেয়েছে।
- **বার্ষিক কর্মস্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন:** সকল স্তরের কর্মচারীদের স্বচ্ছতা ও জবাবদিহিতার সঙ্গে দায়িত্ব পালন এবং দপ্তরের কর্মকান্ডের গুণগত ও পরিমাণগত মূল্যায়নের লক্ষ্যে বার্ষিক কর্মস্পাদন চুক্তি (APA) এর আওতায় আনা হয়েছে।
- **কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন:** দক্ষতা ও নৈতিকতার উন্নয়নে সকল স্তরের কর্মচারীদের ৬০ জনঘন্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কর্মকালীন প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত অনুষ্ঠিত হয়ে থাকে। কর্মকালীন প্রশিক্ষণে বিভিন্ন বিষয় / আইনের উপর বিশেষজ্ঞ বক্তাকে বক্তব্য প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হয়ে থাকে। উক্ত কার্যক্রম অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞানার্জনে সহায়ক ভূমিকা রাখছে।
- **ডিজিটাইজড করণ:** অধিদপ্তরের মিলনায়তন ভাড়ার বিনিময়ে ব্যবহার এবং প্রত্নস্থলে সুটিং করার আবেদন অনলাইনে জমা দেয়ার কার্যক্রম চালু করা হয়েছে। প্রধান কার্যালয় হতে প্রত্নস্থল ও জাদুঘরের অগ্রিম টিকিট বিক্রয়ের কার্যক্রম শুরু হয়েছে। যা সামগ্রিকভাবে অধিদপ্তরের ব্যবস্থাপনার উন্নয়নে সহায়ক এবং তা অন্যান্য সংস্থা / দপ্তরের জন্য শিক্ষণীয় ও অনুকরণীয় হতে পারে।
- **সিটিজেন চার্টার:** নাগরিক সেবা প্রদানের লক্ষ্যে সিটিজেন চার্টার গুরুত্বপূর্ণ প্রত্নস্থানের ও জাদুঘরের সম্মুখ স্থানে প্রদর্শিত হচ্ছে।



(মোঃ আলতাফ হোসেন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ০২ - ৯১০ ১৪ ৩০

ফ্যাক্স : ০২ - ৯১০ ৩৯ ১৮।

সচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: ১। উপসচিব (সাংস্কৃতিক ঐতিহ্য-২ অধিশাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।